

আমি করে ডাকি গো,  
আমার বাঁধন দাও গো টুটে ।  
আমি হাত বাড়িয়ে আছি,  
আমায় লও কেড়ে লও লুটে ॥  
তুমি ডাকো এমনি ডাকে  
যেন লজ্জাভয় না থাকে,  
যেন সব ফেলে যাই, সব ঠেলে যাই,  
যাই ধেয়ে যাই ছুটে ॥  
আমি স্বপন দিয়ে বাঁধা—  
কেবল ঘুমের ঘোরের বাধা,  
সে যে জড়িয়ে আছে প্রাণের কাছে  
মুদিয়ে আঁখিপুটে ।  
ওগো দিনের পরে দিন  
আমার কোথায় হল লীন,  
কেবল ভাষাহারা অক্ষুধারায়  
পরান কেঁদে উঠে ॥

---

Parjaay: Puja

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail